আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটিতে নারী দিবস উদযাপন

৯ মার্চ, ২০২৪ ২১:২৪

অনলাইন ডেস্ক




উত্তরা ইউনিভার্সিটিতে নারী দিবস উদযাপন করা হয়েছে। ইউনিভার্সিটিতে কর্মরত নারীদের সম্মানে শুক্রবার সকাল ১১ টায় ইউনিভার্সিটির অডিটোরিয়ামে দিবসটি উদযাপন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা উনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী।

নারী দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, নারীদের উন্নয়ন, অগ্রগতি, সক্ষমতা, সুস্থতা এবং তাদেরকে উৎসাহিত করার কাজ করে যাচ্ছে উত্তরা ইউনিভার্সিটি।

অনুষ্ঠান শেষে উত্তরা বিশ্ববিদ্যালয় কর্মরত সকল নারী কর্মকর্তা কর্মচারীদের বিশেষ উপহার প্রদান করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর হাসফিয়া বশিরউল্লাহ, প্রফেসর মমতাজ বেগম (প্রাক্তন ট্রেজারার), প্রফেসর আয়েশা বেগম, উপদেষ্টা, বাংলা বিভাগ, উত্তরা ইউনিভার্সিটি, কাজী মহিউদ্দিন, রেজিস্ট্রার, উত্তরা ইউনিভার্সিটি, মোহাম্মদ আলী, পরীক্ষা নিয়ন্ত্রক, উত্তরা ইউনিভার্সিটি, মাহমুদা বেগম, ডিন, স্কুল অব এডুকেশন এন্ড ফিজিক্যাল এডুকেশন, শারমীন আক্তার, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, উত্তরা ইউনিভার্সিটি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এডমিশন প্রমোশন এন্ড ব্র্যান্ড কমিউনিকেশন এর বর্তমান ডিরেক্টর ও ডিপার্টমেন্ট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এর চেয়ারম্যান কাজী তারেক উল্লাহ।

বিডি প্রতিদিন/হিমেল